আহত পুলিশ কর্মকর্তাকে দেখতে হাসপাতালে স্বরাষ্ট্রমন্ত্রী



ছবি: সংগৃহীত

খুলনায় ছিনতাইকারীদের হামলায় গুরুতর আহত পুলিশ পরিদর্শক মো. শাহ আলমকে দেখতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে গেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

বুধবার (১৪ অক্টোবর) হাসপাতালে গিয়ে তিনি চিকিৎসকদের সঙ্গে কথা বলেন এবং শাহ আলমের শারীরিক অবস্থা ও চিকিৎসার খোঁজ নেন। আহত কর্মকর্তার উন্নত চিকিৎসা নিশ্চিত করতে হাসপাতাল কর্তৃপক্ষ ও পুলিশ অধিদপ্তরকে প্রয়োজনীয় নির্দেশ দেন মন্ত্রী। পাশাপাশি হামলায় জড়িতদের দ্রুত গ্রেপ্তার করে বিচারের আওতায় আনার আশ্বাস দেন তিনি।

এ সময় পুলিশের মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির ও বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশনের নেতারা উপস্থিত ছিলেন।

পুলিশ জানায়, বিশেষ অভিযান শেষে রিকশায় করে পুলিশ ক্লাবে যাওয়ার পথে খুলনা কলেজিয়েট স্কুলের সামনে তিন দুর্বৃত্ত শাহ আলমের পথরোধ করে। তারা তাঁর টাকা ও মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে ধারালো চাপাতি দিয়ে দুই হাতের কবজির ওপর গুরুতর জখম করে।

পরে তাঁকে হাসপাতালে নেওয়া হয়। শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়। এ ঘটনায় মামলা হয়েছে। হামলায় জড়িত সন্দেহে দুজনকে গ্রেপ্তার করে আদালতে পাঠিয়েছে পুলিশ।